

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা- ২ শাখা
www.mohfw.gov.bd

নং-স্বাপকম/শৃংখলা-২/অভি-২০/২০০৮/

তারিখঃ- .০১.১৪১৮

.০৫.২০১১

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ নাদিম আহমেদ, মেডিকেল অফিসার(এমসি এইচ-এফপি), বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ গত ০১-০৮-২০০৭ থেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৩(বি) ধারা মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব যথাসময়ে প্রদান করেন নি, সেহেতু তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগে তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন এবং তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, এ প্রেক্ষিতে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে, ডাঃ মোঃ নাদিম আহমেদ, মেডিকেল অফিসার(এমসি এইচ-এফপি), বিশ্বম্ভরপুর-কে সরকারী চাকুরী হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করলেও তাঁর জবাব সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় তাঁকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, তাঁকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্মকমিশনের মতামত চাওয়া হয়;


যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পিএসসি) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে; এবং

এক্ষণে সেহেতু, সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক ডাঃ মোঃ নাদিম আহমেদ, মেডিকেল অফিসার(এমসি এইচ-এফপি), বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ -কে সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০১/০৮/২০০৭ থেকে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মুহম্মদ হুমায়ুন কবির) ২৫/০৫/১১
সচিব


উপ-নিয়ন্ত্রক,
বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা।

নং-স্বাপকম/শৃংখলা-২/অভি-২০/২০০৮/৩৩২/১(১০)

তারিখঃ- ২৫-০৫-২০১১ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।
- ২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম-কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। পরিচালক (এম আইএস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ৪। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিনিয়র সহকারী সচিব, পরিবার কল্যাণ-২ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সুনামগঞ্জ।
- ৮। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বাম্ভরপুর, সুনামগঞ্জ।
- ৯। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বিশ্বাম্ভরপুর, সুনামগঞ্জ।
- ১০। ডাঃ মোঃ নাদিম আহমেদ, মেডিকেল অফিসার(এমসি এইচ-এফপি), বিশ্বাম্ভরপুর, সুনামগঞ্জ।


(সাগরিকা নাসরিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৭২০২৮

sasdisc2@mohfw.gov.bd